গাংনী উপজেলা প্রেসক্লাবের মাসিক সভা অনুষ্ঠিত

গাংনী উপজেলা প্রেসক্লাবের কার্যনির্বাহী কমিটির প্রথম মাসিক সভা অনুষ্ঠিত হয়েছে। আজ মঙ্গলবার সকাল সাড়ে ১১টায় প্রেসক্লাবের সম্মেলন কক্ষে এই সভা অনুষ্ঠিত হয়।

সভায় প্রেসক্লাবের সভাপতি জুলফিকার আলী কাননের সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক মিয়াদুল ইসলামের পরিচালনায় উপস্থিত ছিলেন সাবেক সভাপতি এমএ লিংকন, সাবেক সাধারণ সম্পাদক এমএন পাভেল, দফতর সম্পাদক এজাজ উদ্দিন ছোটন, প্রচার সম্পাদক রকিবুল ইসলাম রকি, সদস্য বদরুজ্জামান, প্রেসক্লাবের সদস্য সিনিয়র সাংবাদিক আক্তারুজ্জামান, হাসানুজ্জামান, তরিকুল ইসলাম, ফিরোজ আহমেদ পলাশ।

সভায় সকলের সম্মিলিত প্রচেষ্টার মাধ্যমে প্রেসক্লাবের সার্বিক উন্নয়ন, প্রতি মাসের ১০ তারিখের মধ্যে অর্থ সম্পাদকের কাছে মাসিক চাঁদা আদায়, সদস্যদের চাঁদার অর্থ ব্যাংক একাউন্টের মাধ্যমে ডিপিএস ফান্ডের কল্যান তহবিলে নিয়মিত জমা করা, পরপর তিন মাস চাঁদার টাকা না দিলে সাংগঠনিক ব্যবস্থা নেয়া, সভায় অনুপস্থিত সদস্যদের কারণ দর্শানোর নোটিশ প্রদান, গঠনতন্ত্র বিরোধী কর্মকান্ডে লিপ্তদের বিরুদ্ধে সাংগঠনিক ব্যবস্থা গ্রহন, বার্ষিক বনভোজন, প্রয়োজনীয় নথিপত্র সংরক্ষণে ডেক্স ও আলমারি সংযোজনসহ বিভিন্ন বিষয়ে আলোচনা ও গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গৃহীত হয়।

মেহেরপুরে চুরির অপবাদে শিশু নির্যাতনের অভিযোগ বিএনপি

নেতার বিরুদ্ধে

মেহেরপুর সদর উপজেলার ইসলামনগর গ্রামে চুরির অপবাদ দিয়ে দুই শিশুকে নির্যাতনে অভিযোগ উঠেছে স্থানীয় বিএনপি নেতা সাহাবদ্দিনের বিরুদ্ধে। এ ঘটনায় সদর থানায় অভিযোগ করেছে ভুক্তভোগীরা। নির্যাতনের শিকার দুই শিশু হলো আরিফুল ও হৃদয়।

লিখিত অভিযেগে আমেনা খাতুন জানান, সাহাবদ্দিন আমাদের সাথে ঝামেলা সৃষ্টি করে ও নানা মিথ্যা অপবাদ দিয়ে হেনস্ত করার চেষ্টা ও ষড়যন্ত্র করে। এরই ধারাবাহিকতায় গত ২০ ডিসেম্বর বিকালে বিবাদী আমার বোনের ছেলে মোঃ আরিফুল (১৪), ও আমার নাতি মোঃ রিদয় (১৩) কে সন্দেহ বসত ধরে তাদের উপর চুরির মিথ্যা অপবাদ দেয় এবং বাঁশের মোটা লাঠি দিয়ে এলোপাতাড়ি মারধর করে জখম কেও এবং বিবাদী আমার বোনের ছেলে ও আমার নাতিকে জোরপূর্বক চুরির অপবাদটি স্বীকার করে নিতে বলে।

সাহবদ্দিন এভাবে দীর্ঘ ৪ ঘন্টা আমার বোনের ছেলে ও আমার নাতিকে শারীরিক নির্যাতন করিতে থাকে। পরবর্তিতে বিবাদী আমার বোনের ছেলে ও আমার নাতিকে মেরে ফেলার হুমকি দিয়ে বলে যে, এ নির্যাতনের বিষয়ে যেন কাওকে না জানানো হয়। জানালে তাদেরসহ পরিবারের লোকজনদের মেরে ফেলবে বলে হুমকি দিয়ে আমার বোনের ছেলে ও আমার নাতিকে ছেড়ে দেয়।

পরে আমরা জানতে পেরে তাদের দুজনকে মেহেরপুর জেনারেল হাসাপাতালে ভর্তি করি।

গাংনীতে নবজাতক নিয়ে গেল জ্বীন!

নয় মাসের অন্তঃসত্ত্বা প্রবাসীর স্ত্রী আজমিরা খাতুন। সিজারিয়ানের জন্য যখন হাসপাতালে যাওয়ার প্রস্তুত নিচ্ছিলেন ঠিক সেই মুহূর্তে ৫ জন জ্বিন তার রুমে এসে বাচ্চা প্রসব করিয়ে

নবজাতককে নিয়ে যাই। নবজাতকের সাথে নিয়ে যায় গর্ভাবস্থায় পরিক্ষা নিরিক্ষার বিভিন্ন ডাক্তারি রিপোর্ট। এমন এক অলৌকিক ঘটনা ঘটেছে মেহেরপুরের গাংনী উপজেলার নওদা মটমুড়া গ্রামে। আজমিরা খাতুন গ্রামের আজমিরা খাতুন গাংনী উপজেলার মটমুড়া ইউনিয়নের নওদা মটমুড়া গ্রামের উত্তর পাড়ার জাহাঙ্গীর আলমের মেয়ে এবং উপজেলার তেতুলবাড়ীয়া মোল্লা পাড়ার ছহির উদ্দিন ছেলে সৌদি প্রবাসী মোকাদ্দেস আলীর স্ত্রী। চিহ্ন হিসেবে জ্বীনেরা রেখে গেছে ঘরের দেওয়ালে দুই হাতের রক্তমাখা ছাপ। হাত ও পায়ে জ্বিনের নখের আচড়ানো দাগ। নবজাতককে হারিয়ে দিশেহারা আজমিরা খাতুন। বিষয়টি এলাকায় চরম চাঞ্চল্যের সৃস্টি হয়েছে।

আজমিরা খাতুন জানান, যখন আমি চার মাসের গর্ভবতী তখন আমার ঘরে দুটি সাপ প্রবেশ করে। সাপ দুটিকে আমি ও আমার ভাই পিটিয়ে মােও ফেলি। এর কিছুদিন পর একটি জ্বীন এসে ঘুমান্তাবস্থায় আমার গলা চেপে ধরে এবং বলে তুই আমার বাচ্চা মেরেছিস আমি তোর বাচ্চা নিয়ে যাব।

এর আগে আজমিরা স্থানীয় বিভিন্ন ক্লিনিকে সেবা নেন। কয়েকদিন আগে তাকে নিয়ে যাওয়া হয় রাজশাহী মেডিকেল হাসপাতালে। সন্তান ধারনের কাগজপত্র ছিল আজমিরার ঘরে। গত রবিবার (২৯ ডিসেম্বর) দুপুরে সিজারিয়ানের জন্য হাসপাতালে যাওয়ার প্রস্তুতি নিচ্ছিলেন। ঠিক এমন সময় জ্বীনেরা প্রবেশ করে আজমিরার ঘরে। ঘরের দরজা জানালা বন্ধ করে দিয়ে বাচ্চা প্রসব করায় জ্বীনের দল। আজমিরা তাদের সাথে জোর করতে গেলে সে সময় জ্বীনেরা তার উপরে শারীরিক নির্যাতন চালায়। এসময় আজমিরা আত্মচিৎকার দিলেও বাহিরের কেউ শুনতে পায়নি। তার শরীরের বিভিন্ন জায়গায় আঘাতের চিহ্ন রয়েছে। সন্তান প্রসব করানোর পর নবজাক ও হাসপাতালে রিপোর্টগুলি নিয়ে যায় জ্বীনেরা। দীর্ঘক্ষণ ঘরে থাকাই আজমিরার মা ঘরের দরজা ধাক্কাধাক্কি করে কোন সাড়া পায় না। কিছুক্ষণ পর ঘরের দরজা খুলে চলে যাই জ্বীনের দল। পরে ঘরে প্রবেশ করে অজ্ঞান অবস্থায় পড়ে থাকতে দেখে আজমিরাকে। জ্ঞান ফিরে পেয়ে আজমিরা খোজ করে তার গর্ভে থাকা নবজাতক সন্তানকে।

এলাকাবাসী জানান, তাদের সমানে আজমিরাকে গর্ভবতী অবস্থায় দেখেছে। এছাড়াও বিভিন্ন ক্লিনিকে চিকিৎসা নিয়েছে। হঠাৎ গতকাল সকালে এমন ঘটনা ঘটেছে। এমন ঘটনা আমাদের জীবনে কোনদিন শোনেননি বলেও জানান এলাকাবাসী।

আজমিরার বাবা জাহাঙ্গীর আলম বলেন, আমার মেয়ে আজমিরা যখন চার

মাসের গর্ভবতী ছিল তখন দুটি সাপ মেরেছিল। সে কারণেই জ্বিনেরা নবজাতককে নিয়ে গেছে। তিনি আরও বলেন, আমি মাঠে কাজ করছিলাম। এসময় বাড়ি থেকে ফোন করে বলে আজমিরাকে নিয়ে হাসপাতালে যেতে হবে। এর কিছুক্ষণ পর ফোন দিলে কেউ ফোন ধরে না। বাড়ি ফিরে শুনছি এমন ঘটনা ঘটেছে।

আজমিরার শশুর ছইরুদ্দিন জানান, হাসপাতালে যাওয়ার জন্য প্রস্তুতি নিচ্ছিলাম। এরই মধ্যে ভাইয়ের মেয়ে রূপ ধরে প্রথমে একটি জ্বীন আসে। কিছুক্ষণ পর আরও চারজন আসে। পাঁচজন জ্বীন মিলে বাচ্চা প্রসব করাই। এসময় তার শরীরের বিভিন্ন জায়গায় আঘাত করে তারা। পরে বাচ্চা নিয়ে চলে গেছে।

এবিষয়ে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের আবাসিক মেডিকেল অফিসার (আরএমও) ডা: মাসুদুর রহমান বলেন, এমন ঘটনা আমরাও শুনছি। আজমিরা আমাদের কাছে চিকিৎসা নিতে আসেনি। তবে খোঁজ খবর নিয়ে পরিক্ষা করে দেখবো।

গাংনী উপজেলা নির্বাহী অফিসার প্রীতম সাহা বলেন, আমি জ্বীনের এমন ঘটনা আগে কখনও শুনিনি। তবে প্রকৃত বিরয়টি উদঘাটন করার চেস্টা করছি।

পুলিশের তৎপরতায় ৬ ঘন্টার মাথায় গাকের নিখোঁজ স্টাফ উদ্ধার

মেহেরপুরের মুজিবনগরে প্রতিদিনের ন্যায় কিস্তির টাকা তুলতে গিয়ে নিখোঁজ হওয়া এনজিও প্রতিষ্ঠান গ্রাম উন্নয়ন কেন্দ্র (গাক) মুজিবনগর অফিসের স্টাফ শেখ মেহেদী হাসান(২৮) কে উদ্ধার করেছে মুজিবনগর থানা পুলিশ।

আজ সোমবার সন্ধ্যার দিকে যশোর জেলার চৌগাছা উপজেলার চাকলা মাঠ নামক গ্রাম স্থান থেকে তাকে উদ্ধার করা হয়। শেখ মেহেদী হাসান

ঝিনাইদহ জেলার কালীগঞ্জ উপজেলার কুল্যাপাড়া গ্রামের শেখ সুলতান আহম্মেদের ছেলে।

আজ সোমবার দুপুরে নিখোজের জিডি হাতে পাওয়ার পর মুজিবনগর থানা পুলিশ তাদের উদ্ধার কার্যক্রম শুরু করে দেয়। মেহেরপুর সাইবার ক্রাইম সেল এর মোবাইল ট্রাকিং এর মাধ্যমে ৬ ঘন্টার মাথায় উদ্ধার কাজে সফল হয় পুলিশ।

উদ্ধার হওয়ার পর মোবাইলে ভিডিও ধারনকৃত ভিক্টিমের জবানবন্দী থেকে জানা যায়, আমি প্রতিদিনের ন্যায় আজ সোমবার সকালেও আমার এক ক্লাইন্ট এর কাছে কিস্তির টাকা আনতে যায়। টাকা নিতে গেলে আমার সদস্য আমাকে একটা ঠিকানা দিয়ে বলে ওখানে আমার ভাই দারিয়ে আছে সে টাকা দেবে। তারপর আমি সেখানে গেলে আমার মাথায় হঠাৎ একটা চক্কর দিয়ে ওঠে। তারপর ঐ ব্যাক্তি আমার মটরসাইকেলে উঠে পরে। এরপর কি হয়েছিলো আমার কিছু মনে নেই। পরবর্তিতে আমি স্বাভাবিক অবস্থায় ফিরে আসার পর দেখতে পায় আমি মাঠের ভিতরে পরে আছি।

মুজিবনগর গাক অফিসের ম্যানেজার হাবিবুর রহমান বলেন, মেহেদী হাসান কিস্তির টাকা আদায় করে দুপুরে অফিসে না আসলে আমি তাকে ফোন দিয়ে যোগাযোগ করতে গেলে কোন রেস্পন্স পাইনি। এর পরে আমি থানায় একটি নিখোজ জিডি করে আসি।

মুজিবনগর থানার অফিসার ইনচার্জ মিজানুর রহমান জানান, জিডি হাতে পাবার পর আমরা উদ্ধারের জন্য মেহেরপুর সাইবার ক্রাইম সেল এর সহোযগীতা নিই। পরে তার মোবাইল নাম্বার দিয়ে ট্রাকিং শুরু করি। কয়েকবার ট্রাকিং করলে একেকবার একেক স্থানের লোকেশন দেখায়। এভাবে ৪ বারের লোকেশনে যশোর জেলার চৌগাছা উপজেলার চাকলা মাঠ নামক গ্রাম স্থানে স্থির লোকেশন দেখায়। এরপর আমরা তার পরিবারকে জানালে ভিক্টিম এর চাচাতো ভাই রাজু আহম্মেদসহ তার পরিবার সেখানে যেয়ে তাকে নিয়ে আসে।

এদিকে বাসায় এসে পৌছালে তার প্রাথমিক চিকিৎসার জন্য তাকে স্থানীয় স্বাস্থ কমপ্লেক্স নিয়ে যাবার পরামর্শ প্রদান করি।

মেহেরপুর প্রেস ক্লাবের সাবেক সভাপতি রশিদ হাসান খান আলো আর নেই

মেহেরপুর প্রেস ক্লাবের সাবেক সভাপতি রশিদ হাসান খান আলো (৬৫) ইন্তেকাল করেছেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।
আজ সোমবার সন্ধ্যা সোয়া সাতটার দিকে তিনি পণ্ডের ঘাট এলাকার নিজ বাসভবনে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। তিনি দীর্ঘদিন ধরে তিনি জটিল রোগে ভুগছিলেন।
তিনি মৃত এডভোকেট আব্দুল হামিদ খানের মেজ ছেলে ও মেহেরপুর প্রতিদিনের নিজস্ব প্রতিনিধি সাকিব হাসান রুদ্র’র চাচা ।
তিনি দৈনিক মেহেরপুরের সম্পাদক ছিলেন।
মরহুমের পারিবারিক সূত্রে জানা গেছে, আগামীকাল মঙ্গলবার সকাল দশটার সময় পন্ডের ঘাট জামে মসজিদ প্রাঙ্গনে জানাজা অনুষ্ঠিত হবে। পরে তার মরদেহ নেওয়া হবে মেহেরপুর প্রেস ক্লাবে। সেখানে তাকে সহকর্মীরা শেষ শ্রদ্ধা নিবেদন করবেন।
এদিকে, সাংবাদিক রশিদ হাসান খান আলোর মৃত্যুতে গভীর শোক ও সমবেদনা জানিয়েছেন মেহেরপুর প্রতিদিনের প্রকাশক এম এ এস ইমন, সম্পাদক ইয়াদুল মোমিন, ব্যবস্থাপনা সম্পাদক মাহাবুব চান্দু, বার্তা সম্পাদক জুলফিকার আলী কানন, ডেস্ক ইনচার্জ আসিফ ইকবাল শুভসহ মেহেরপুর প্রতিদিন পরিবারের সাথে যুক্ত সকল সদস্য।

মেহেরপুরে রাষ্ট্র কাঠামো মেরামতের ৩১ দফা শীর্ষক আলোচনা সভা

বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান কর্তৃক উপস্থাপিত রাষ্ট্র কাঠামো মেরামতের ৩১ দফার ভূমিকার শীর্ষক আলোচনা সভার আয়োজন করা হয়েছে।

আজ সোমবার (৩১ ডিসেম্বর) বিকেলে বাংলাদেশ সম্মিলিত পেশাজীবী

পরিষদ মেহেরপুর জেলা শাখার আয়োজনে কাথুলী রোডের খান কমিউনিটি সেন্টারে এই আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

মেহেরপুর জেলা সম্মিলিত পেশাজীবী পরিষদের আহ্বায়ক ও মেহেরপুর জেলা বিএনপির সাবেক তথ্য ও গবেষণা বিষয়ক সম্পাদক নাজমুল হক লিটনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন মেহেরপুর জেলা বিএনপির আহ্বায়ক জাভেদ মাসুদ মিল্টন

এ সময় তিনি বলেন পেশাজীবী সমাজ বাংলাদেশের একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ পাঠ। এই পেশাজীবী সমাজে শিক্ষক আছে, এডভোকেট আছে, ডাক্তার আছে, ইঞ্জিনিয়ার আছে এ ছাড়াও অনেকেই আছে যারা বাংলাদেশের প্রত্যেকটি অঙ্গে অঙ্গে জড়িত। তাই এই পেশাজীবীদের সংগঠনের প্রতি আহ্বান জানায় আপনারা আপনাদের জায়গা থেকে সর্বোচ্চ দায়িত্ব পালন করে জনগণকে বুঝিয়ে আগামী দিনে বিএনপি জনগণের ভোট পেয়ে যেন রাষ্ট্র ক্ষমতা পরিচালনার সুযোগ পায় সেই দায়িত্ব কিন্তু আপনাদের অনেক অনেক বেশি।

এ সময় প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ শিক্ষক-কর্মচারী ঐক্য জোটের মহাসচিব জাকির হোসেন।

মেহেরপুর জেলা সম্মিলিত পেশাজীবী পরিষদের সদস্য সচিব অ্যাডভোকেট আব্দুল আলীমের সঞ্চালনায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা বিএনপির সদস্য সচিব এ্যাড. কামরুল হাসান, মেহেরপুর জেলা বিএনপির যুগ্ন আহবায়ক আমিরুল ইসলাম, যুগ্ন আহবায়ক ফয়েজ মোহাম্মদ, জেলা বিএনপির সাবেক আইন বিষয়ক সম্পাদক আবু সালে মোহাম্মদ নাসিম।

অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সাবেক সহ-সভাপতি আলমগীর খান সাতু, জেলা বিএনপির সাবেক সহ-সভাপতি ওমর ফারুক লিটন, জেলা ছাত্রদলের সাবেক সহ-সভাপতি হাফিজুর রহমান হাপি, জেলা বিএনপির সাবেক সাংগঠনিক সম্পাদক রুমানা আহমেদ, জেলা জাসাসের সাধারণ সম্পাদক বাকী বিল্লাহ, জেলা স্বেচ্ছাসেবকের দলের সাধারণ সম্পাদক আজমল হোসেন মিন্টু, মেহেরপুর পৌর বিএনপি’র সাধারণ সম্পাদক আলমগীর হোসেন, জেলা জিয়া মঞ্চের সদস্য সচিব মনিরুল ইসলাম মনি, বিএনপি নেতা নাহিদ আহমেদ সহ বিভিন্ন নেতাকর্মীরা।

এর আগে আলোচনা সভায় উপস্থিত অতিথিদেরকে বিভিন্ন নেতাকর্মীরা ফুলেল শুভেচ্ছা জানান।

মেহেরপুরে অনলাইন জুয়ার চার এজেন্টের নামে মামলা (আপডেট)

মেহেরপুর শহরের হোটেল বাজার জামান শপিং কমপ্লেক্সের একটি জেন্টস পার্লাও (সেলুন) থেকে আটক দুই অনলাইন জুয়ার এজেন্টসহ চারজনের নামে সাইবার নিরাপত্তা আইনে মামলা করেছে পুলিশ।

আসামিরা হলেন- অনলাইন জুয়ার অন্যতম মাস্টার মাইন্ড মুকুল হোসেন, দেলোয়ার হোসেন দিপু, আশিক ইকবাল ও স্বপন ইকবাল। এদের মধ্যে আশিক ইকবাল ও স্বপন ইকবালকে অনলাইন জুয়ার সাইট পরিচালনায় ব্যবহৃত মোবাইল সহ আটক করেছে ডিবি। এসময় তাদের কাছে থেকে ৪টি মোবাইল ফোন ও জুয়া পরিচালনা ৭টি এজেন্ট সিম উদ্ধার করা হয়েছে। শনিবার রাতে তাদের আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হয়েছে।

আটক আশিক ইকবাল মেহেরপুরের গোপালপুর গ্রামের আক্তারুজ্জামানের ছেলে। তিনি পুলিশ কনস্টেবল। যশোর নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালের বিচারকের বডিগার্ড হিসেবে কর্মরত রয়েছেন। স্বপন ইকবাল একই গ্রামের আওলাদ হোসেনের ছেলে।

মামলার এজাহার জানা গেছে, গোপন সংবাদের ভিত্তিতে মেহেরপুর সদর থানাধীন বিএম স্কুল এর পাশে ছোট বাজারস্থ জামান শপিং কমপ্লেক্সের নিউ এ্যাডামস্ জেন্টস পার্লার (সেলুন) আসামিরা পরস্পর যোগসাজশে অনলাইন জুয়া পরিচালনার মাধ্যমে অসৎ উদ্দেশ্য পরিচয় গোপন করে ছদ্মবেশ ধারন করে প্রতারনা, অনলাইন মোবাইল ব্যাংকিংয়ের মাধ্যমে বাংলাদেশ ব্যাংকের অনুমতি ব্যতিত অবৈধ ই-ট্রান্সজেকশনসহ ইচ্ছাকৃতভাবে ইন্টারনেট নেটওয়ার্ক এ প্রবেশ করে সাইবার সন্ত্রাসী কার্যক্রমের মাধ্যমে জনশৃঙ্খলা পরিপন্থি কাজের জন্য অবস্থান করছিলেন।

এসময় সাইবার নিরাপত্তা টিমের সদস্যরা সেখানে অভিযান পরিচালনা করলে পালানোর চেষ্টাকালে আশিক ইকবাল ও স্বপন ইকবালকে আটক করা হয়। তার আগেই সেখান থেকে মুকুল ইসলাম ও দেলোয়ার হোসেন দিপু পালিয়ে যায়।

এজাহারে উল্লেখ রয়েছে, আটক আসামীদের ব্যবহৃত জব্দকৃত মোবাইল ফোন পর্যালোচনা করে MOST BET এর মাধ্যমে অনলাইন জুয়া পরিচালনার তথ্য পাওয়া যায়। আসামী আশিক ইকবালের নিকট থেকে জব্দকৃত Infinix X 6880 মডেলের মোবাইল ফোনে ব্যবহৃত এ কে এন্টারপ্রাইজ এর নামে নিবন্ধিত মোবাইল ব্যাংকিং বিকাশ এজেন্টে লেনদেনের ১ লাখ ৩১ হাজার ২৪৬ টাকা এবং অপর একটি সিম থেকে লেনদেনের ৬৭ হাজার ৯৩৬ টাকার ই-ব্যালেন্স দেখা যায়। এছাড়া ওই ফোনে ক্রোম ব্রাউজার পর্যালোচনায় দেখা যায় যে, অনলাইন জুয়া MOST BET এর Agent_API_Shine_BD নামে একটি মার্চেন্ট জুয়ার চ্যানেল চলমান রয়েছে। অনলাইন জুয়া MOST BET এর Agent_API_Shine_BD নামক অনলাইন জুয়ার চ্যানেলটি আসামীর নিকট থেকে জব্দকৃত সিম ০১৭১১-৬৬৩৯৬০ নাম্বারে ব্যবহৃত Ashik Iqbal নামে ইন্সটলকৃত টেলিগ্রাম আইডি আসামীরা জিজ্ঞাসাবাদে জানান যে, অনলাইন জুয়া MOST BET এর পরিচালিত অর্থ বাংলাদেশ ব্যাংকের অনুমতি ব্যতিত অবৈধ ই-ট্রান্সজেকশন মোবাইল ব্যাংকিংয়ের কথা স্বীকার করেছেন পুলিম জানায়।

মেহেরপুর সদর থানার ওসি মেজবাহ উদ্দিন বলেন, ‘জেলা পুলিশের সাইবার ক্রাইম ইউনিট তথ্যপ্রযুক্তি ব্যবহার করে দুইজন সাইবার ক্রাইমকারীকে গ্রেপ্তার করে। পরে জেলা গোয়েন্দা পুলিশের পক্ষ থেকে আটকৃত স্বপন ইকবাল ও পুলিশ কনস্টেবল আশিক ইকবালের বিরুদ্ধে সাইবার ক্রাইমে মামলা দায়ের করে। আমরা সদর থানায় মামলাটি নথিভুক্ত করেছি মাত্র।’

বিষয়টি নিয়ে মেহেরপুরের পুলিশ সুপার মাকসুদা আকতার খানমের সাথে যোগাযোগ করলে ঘটনার সত্যতা নিশ্চিত করে তিনি বলেন, ‘সমগ্র বিষয়টি তদন্তাধীন। অপরাধীদের বিরুদ্ধে নিয়মিত অভিযান চলবে। তদন্তের স্বার্থে এই মুহূর্তে আমার আনুষ্ঠানিক কোন বক্তব্য দেওয়া ঠিক হবে না।

মুজিবনগরে যৌথসভা ও ই-প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত

সমবায়ে গড়ব দেশ, বৈষম্যহীন বাংলাদেশ”এই প্রতিপাদ্যে মুজিবনগরে সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচি (সিভিডিপি) প্রকল্প-৩য় পর্যায়ে (আরডিএ অংশ) সার্বিক গ্রাম উন্নয়ন সমবায় সমিতির সদস্যবৃন্দের অংশগ্রহণে মাসিক যৌথসভা ও ই-প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত হয়েছে।

মুজিবনগর সহকারী প্রকল্প পরিচালকের কার্যালয় (সিভিডিপি) প্রকল্প-৩য় পর্যায়ের আয়োজনে উপজেলা পরিষদ হলরুমে আজ সোমবার দিনব্যাপী এই মাসিক যৌথসভা ও ই-প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত হয়।

মুজিবনগর উপজেলা সমবায় অফিসার মাহবুবুল হক মন্টুর সভাপতিত্বে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার খাইরুল ইসলাম, মেহেরপুর জেলা সমবায় অফিসার প্রভাস চন্দ্র বালা, মুজিবনগর থানার অফিসার ইনচার্জ ওসি মিজানুর রহমান।

এছাড়াও উপস্থিত ছিলেন উপজেলা সমবায় অফিসের সহকারী পরিদর্শক শাহিনুজ্জামান, উপজেলা সমবায় অফিসের অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর সাঈদ আনোয়ার।

দিনব্যাপী যৌথসভা ও ই-প্রশিক্ষণ কোর্সে মুজিবনগর উপজেলার ১৬ টি সার্বিক গ্রাম উন্নয়ন সমিতির ১২০ জন সদস্য ও সদস্যা অংশগ্রহণ করেন।

মেহেরপুরে মার্কেন্টাইল ব্যাংকের পিএলসি উপশাখার উদ্বোধন

মেহেরপুরে মার্কেন্টাইল ব্যাংক লিমিটেডের ৪৫তম উপশাখার আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়েছে। সোমবার (৩০ ডিসেম্বর) সকাল

সাড়ে ১১ টায় শহরের কাশাঁরীপাড়ায় এই উপশাখার উদ্বোধন করা হয়।

উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে অনলাইনে যুক্ত ছিলেন মার্কেন্টাইল ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক (এমডি) এবং সিইও মাতিউল হাসান।

মোঃ রফিকুল ইসলামের সঞ্চালনায় অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মার্কেন্টাইল ব্যাংকের উপ-ব্যবস্থাপনা পরিচালক শামীম আহমেদ, মেহেরপুর চেম্বার অব কমার্সের সাধারণ সম্পাদক আরিফুল এনাম বকুল, আসলোভ ইন্টারন্যাশনালের প্রধান নির্বাহী ওয়াহেদুজ্জামান এবং হেড অফ ব্রাঞ্চ ডিভিশন মোহাম্মদ হোসেন।

এছাড়াও চুয়াডাঙ্গা মার্কেন্টাইল ব্যাংকের ব্যবস্থাপক রহিদাস পাল, মেহেরপুর সদর থানার অফিসার ইনচার্জ (ওসি) শেখ মেসবাহ উদ্দিন এবং নবনিযুক্ত উপশাখা ইনচার্জ জুয়েল রানা প্রমুখ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে পেঁয়াজের দরপতনে দিশেহারা কৃষক

মেহেরপুরের বিভিন্ন বাজার উঠতে শুরু করেছে নতুন পেঁয়াজ। পেঁয়াজের মারাত্মকভাবে দরপতন হওয়ায় চাষিদের মধ্যে বিরাজ করছে হতাশা। গেল এক সপ্তাহ ধরে পেঁয়াজের দাম কমে যাওয়ায় তাদের মোটা অংকের টাকা লোকসান গুনতে হবে বলে জানিয়েছেন তারা। সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হচ্ছেন প্রান্তিক ও বর্গা চাষিরা। বাইরে থেকে পেঁয়াজের আমদানি না হলে লোকসানের হাত থেকে রেহায় পাবো।

জেলার বিভিন্ন বাজার ঘুরে দেখা গেছে, পেঁয়াজের দাম প্রতিকেজি ৪০ টাকা থেকে ৪৫ টাকায় বিক্রি হচ্ছে। টাকা আর ফুলকপি ও বাধাকপির গেল ১০ দিন আগেও পেঁয়াজের খুচরা বাজারে ৮০ টাকায় বিক্রি করতে দেখা গেছে। সেসময় চাষিরা লাভের মুখ দেখলেও এক সপ্তাহের ব্যবধানে চাষিদের মুখের হাসি বিলিন। বর্গা চাষিরা অনেকেই বড় ধাক্কা খেয়েছে পেঁয়াজের দর পতনে।

জেলা কৃষি সম্প্রসারণ বিভাগের হিসেব মতে জেলায় চলতি মৌসুমে ৫ হাজার ৬৬ হেক্টর পেঁয়াজের আবাদ হয়েছে।
কৃষি বিভাগ উন্নত মানের ফসল আবাদের লক্ষ্যে ১৩ হাজার ৪০০জন চাষীকে পেঁয়াজ চাষের জন্য প্রণোদনা প্রদান করেন। কৃষি অফিসের পরামর্শে উদ্বুদ্ধ হয়ে অনেকেই পেঁয়াজ চাষে আগ্রহী হয়ে পেয়াজ চাষ করেন।

পেয়াজ চাষী গাংনীর সাহারবাটির তহশিন মেম্বর জানান, তিনি গেল মৌসুমে দুই বিা জমিতে পেয়াজ চাষ করেছিলেন। পেয়াজের দাম ভাল পাওয়ায় এবার তিনি চার বিঘা জমিতে পেয়াজ আবাদ করেছেন। এক বিঘা পেয়াজ চাষে খরচ হয় অন্ততঃ৩০ হাজার টাকা থেকে ৩৫ হাজার টাকা। বিঘা প্রতি উৎপাদন হয় ৫০ থেকে ৫৫ মন। চলতি মৌসুমে পেঁয়াজের মারাত্মকভাবে দরপতন হওয়ায় চাষের অর্ধেক খরচ উঠছে না। মোটা অংকের টাকা লোকসান গুনতে হবে।

পেঁয়াজ চাষী কালিগাংনীর মহিবুল জানান, এক কেজি পেঁয়াজ বীজ সাড়ে ৪ হাজার টাকায় কিনেছেন। জমি লীজ ও অন্যান্য খরচসহ মোট উৎপাদন ব্যায় দাড়িয়েছে ২৫ হাজার টাকা। এখন উৎপাদিত পেঁয়াজ আড়তে বিক্রি হচ্ছে দুই হাজার টাকা মন। আবার চার কেজি অতিরিক্ত দিতে হচ্ছে। এতে করে লীজ খরচই উঠছে না। মোটা অংকের টাকা লোকসান হবে তার। তিনি বলেন,বাইরে থেকে পেঁয়াজ না আসলে আমাদের লোকসান হবেনা।

একই কথা জানালেন পেঁয়াজ চাষি ছাতিয়ানের জামিরুল ও আবুল কামাল। তারা বলেন, বাইরের দেশ থেকে পেঁয়াজ আমদানি না করলে মেহেরপুরের পেঁয়াজে জেলার চাহিদা পুরুন হবে। সেই সাথে চাষিরা পেঁয়াজের দাম পাবে।
মেহেরপুর কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক বিজয় কৃষ্ণ হালদার জানান, চলীত মৌসুমে চাষিরা ব্যাপকহারে পেঁয়াজের চাষ করেছেন। তবে পেঁয়াজ ও কপির বাজারে দরপতনে অনেক চাষী লোকসানে পড়বেন।

স্থানীয় বাজার ছাড়াও বাইরে বাজার খোঁজ করা হচ্ছে। চাষীরা যাতে লোকসানে না পড়ে সে ব্যাপারে চেষ্টা করা হচ্ছে।